রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ১, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১০ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ/ ২৪ মে ২০২৬ খ্রিষ্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০৩.২৬.১২৪—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'জ্বালানি নিরাপত্তা বিষয়ক মন্ত্রিপরিষদ উপ-কমিটি'** নিম্নরূপে গঠন করেছে :

১.১। **কমিটির গঠন :**

| | | |
|---|---|---|
| (১) | মন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | সভাপতি |
| (২) | মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | প্রতিমন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | উপদেষ্টা, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | উপদেষ্টা, ডাক ও টেলিযোগাযোগ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| (৬) | নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ | সদস্য |
| (৭) | সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| (৮) | সচিব, বিদ্যুৎ বিভাগ | সদস্য |
| (৯) | সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | সদস্য। |

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।


মূল্য : টাকা ৪.০০

১.২। **কমিটির কার্যপরিধি :**

বাংলাদেশের জ্বালানি নিরাপত্তা, এলপিজি আমদানি, ভোলা হতে গ্যাস পরিবহণ, FSRU এবং ল্যান্ড-বেইজড এলএনজি ও এলপিজি টার্মিনাল স্থাপন সংক্রান্ত বিষয়সমূহ দ্রুত পরীক্ষা ও বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

১.৩। কমিটি প্রয়োজনীয় ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, সংস্থা, বিশেষজ্ঞ এবং বেসরকারি খাতের মতামত গ্রহণ করতে পারবে।

১.৪। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

১.৫। কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

১.৬। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ হুমায়ুন কবির)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ০২-২২৬৬৪১০০১
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd